# জুলাই গণঅভ্যুত্থানকে ইতিহাসে সংরক্ষণের আহ্বান জামায়াত আমিরের




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান জুলাই গণঅভ্যুত্থানের ঘটনাবলি, শহীদদের অবদান এবং আহতদের স্মৃতি ইতিহাসের অংশ হিসেবে সংরক্ষণের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, এ দায়িত্ব সরকারকেই গুরুত্বের সঙ্গে পালন করতে হবে।

বুধবার (১৫ জুলাই) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সমাপনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল।

বিরোধীদলীয় নেতা বলেন, জুলাই কোনো একক দলের নয়, এটি সবার। তাই এর ইতিহাস ও চেতনাকে জাতীয়ভাবে ধারণ ও সংরক্ষণ করা প্রয়োজন। তিনি শহীদদের প্রোফাইল এবং আহতদের তথ্য সংরক্ষণের চলমান উদ্যোগ আরও কার্যকরভাবে এগিয়ে নেওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

এসময় তিনি আগামী ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘর উদ্বোধনের উদ্যোগকে স্বাগত জানান এবং জুলাই স্মৃতি ফাউন্ডেশন গঠনের সরকারি পরিকল্পনারও প্রশংসা করেন।

সংসদীয় কার্যক্রম প্রসঙ্গে তিনি বলেন, গঠনমূলক আলোচনা ও ইতিবাচক রাজনৈতিক সংস্কৃতি মানুষের আস্থা বাড়াতে সহায়ক হবে। পাশাপাশি দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে রাজনৈতিক পক্ষপাত ও পৃষ্ঠপোষকতার সংস্কৃতি থেকে বেরিয়ে আসারও আহ্বান জানান তিনি।

LENS ASIA